



"প্রতিদিন অঙ্গুত একবার কারিগরি
শিক্ষা বোর্ডের ওয়েব সাইট
www.bteb.gov.bd)
ভিজিট করুন এবং আপানার
প্রতিষ্ঠানের ইমেল ওপেন করুন"

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ- কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৫.৭১.০০১.১৯-০২

তারিখ : ০৮-০১-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচেছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিভাগ হতে জারিকৃত শিক্ষা বর্ষপুঁজির ২০১৮-২০১৯ এর আলোকে ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা- ইন- ফরেস্ট্রি শিক্ষাক্রমের ফরেস্ট সায়েন্স এন্ড টেকনোলজী ইন্সটিউট, চট্টগ্রাম এর ২য়, অনিয়মিত/পরিপূরক বোর্ড সমাপনী পরীক্ষা আগামী ২৪ জানুয়ারি-২০১৯ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হতে উক্ত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার জন্য এক বা দুই বিষয়ে তাত্ত্বিক /ব্যবহারিক অংশে অকৃতকার্য পরীক্ষার্থীদের বিষয় ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যার তালিকা আগামী ১৬-০১-২০১৯ খ্রিঃ মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) বরাবর জমা দিতে হবে। উক্ত পরীক্ষার ছাত্র/ছাত্রীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠানভিত্তিক (**Printout Copy**) বোর্ডের Website -এ পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফি জমা দানপূর্বক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম পুরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ২.৪ নং "ছকে" দেওয়া আছে যা বোর্ডের Website এর মাধ্যমে ও জানা যাবে।

১। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হার :

ক্রঃ নং	ফি এর খাত	ফি এর পরিমাণ	ইন্সটিউটের অংশ	বোর্ডের অংশ
ক.	২য় পর্ব পরিপূরক পরীক্ষার ফি	৪৫০/-	২২৫/-	২২৫/-
খ.	নম্বরপত্র ফি	৫০/-	৫০/-	-
গ.	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়) যদি থাকে	২৫/-	২৫/-	-
ঘ.	বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে)	৩০০/-	-	৩০০/-
ঙ.	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথা সময়ে জমা দিতে বিলম্ব হলে প্রতিষ্ঠানের জরিমানা	২৫০০/-	-	২৫০০/-

২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও ফিসমুহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ

২.১ সরকারি ও বেসরকারি কৃষি ডিপ্লোমা শিক্ষা প্রতিষ্ঠান- এর সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ডের অংশ সমূহের সমুদয় অর্থ সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকলে নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট কর্তৃত হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সঃ শাখা (৬ষ্ঠ তলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে।

২.২ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তৃকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রীয় প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

২.২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দললিলাদি একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমাণ সংরক্ষন করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।

২.৩ ২য় পর্ব এক বা দুই বিষয়ে তাত্ত্বিক/ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের অন-লাইনে মাধ্যমে ফরম ফিলাপ করতে হবে। ওয়েব সাইটে দেয়া তথ্যের হার্ড কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং পরীক্ষার্থীর স্বাক্ষরসহ কৃষি শাখায় জমা দিতে হবে।

২.৪ নিম্নোক্ত ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা পরীক্ষার ফি গ্রহণ ও প্রবেশপত্র বিতরণ করা হবে।

শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া অন লাইনে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে(৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকাসহ অত্রবোর্ডে ব্যাংক ড্রাফট জমা গ্রহণের শেষ তারিখ	নির্ধারিত তারিখের পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা যাপেক্ষে "ব্যাংক ড্রাফট" ২০/০১/১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ	প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ
১৩/০১/১৯ খ্রিঃ হতে ১৫/০১/১৯ খ্রিঃ	১৬/০১/১৯ খ্রিঃ	১৭/০১/১৯ খ্রিঃ		২০/০১/১৯ খ্�রিঃ	২৩/০১/১৯ খ্রিঃ

উপরোক্ত ছকের বর্ণিত তারিখে ফরম ফিলাপ করার পর ঐ দিনই প্রিন্ট আউট কপি প্রিন্ট করতে হবে।

৩.০ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ নিম্ন বর্ণিত “ছক” অনুযায়ী হবে।

<p>তারিখ :.....</p> <p>বিষয় কোড :</p> <p>কেন্দ্র কোড :</p> <p>প্রেরক কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা</p> <p>কেন্দ্রের নাম :</p> <p>উপজেলা :</p>	<p>প্রাপক : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) ৬ষ্ঠ তলা- কৃষি শাখা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আগার্গাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।</p>
--	---

৪.০ নিম্ন বর্ণিত ছক মোতাবেক সকল পরীক্ষার্থীর বিশদ বিবরণ প্রেরণ অত্যাবশ্যকঃ-

ক্রঃ নং	পরীক্ষার্থীরনাম ও বোর্ড রোল নম্বর	রেজিঃ নং ও সন	পরীক্ষার ফি	২য়পর্বের এক বা দুই বিষয়ে তাত্ত্বিক /ব্যবহারিক অকৃতকার্য বিষয়সমূহ	বিলম্ব ফি	মোট টাকা	ব্যাংক ড্রাফট নং ও তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

৪.১ পরিপূরক পরীক্ষার ফিবাবদ আদায়কৃত প্রতিষ্ঠানের প্রাপ্য অংশ হতে পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় মিটাতে হবে।

৪.২ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসিটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকতে হবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/অনুপস্থিত লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেও ভুলক্রমে অনুপস্থিত লিখলে অনুর্তীর্ণ ধরা হবে।

৪.৩ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট এর হার্ডকপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ পরিশোধের প্রত্যয়নপত্র দেখাতে হবে।

৪.৪ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রকের (দৃষ্টি আকর্ষণ : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) বরাবরে যোগাযোগ করতে হবে।

৪.৫ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি যেমন- উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। উল্লেখ্য উক্ত বিষয়ের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে।

স্বাঃ/-

(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

তারিখঃ ০৮-০১-২০১৯শ্রীঃ

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৫.৭১.০০১.১৯-০২(১৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। প্রধান বন সংক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। উপ- প্রধান বন সংক্ষক(শিক্ষা ও প্রশিক্ষণ উইং), বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩-৬। সচিব/ পরিদর্শক/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিচালক (কারিকুলাম)/পরিচালক শিল্প ও প্রশিক্ষণ সম্বন্ধ/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অধ্যক্ষ/কেন্দ্র সচিব, ফরেস্ট সায়েস এন্ড টেকনোলজী ইঙ্গিটিউট, চট্টগ্রাম। (প্রতিঃ কোডঃ ৭০১২৯))
- ৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৮-১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) / দৃষ্টি আকর্ষণঃ (সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক- ১, ২ ও ৩), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(পরীক্ষা সংক্রান্ত আপনার সপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রমগুলো সম্পর্ক করনের জন্য অনুরোধ করা হলো।)
- ১২। কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তি ওয়েব সাইটে দেওয়া এবং বিজ্ঞপ্তির তারিখ অনুসারে ২য় পর্বের **GPA** নম্বর নির্ধারিত সময়ে
বোর্ডের ওয়েব সাইটে পর্ব ভিত্তিক দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ১৪। প্রোগামার-৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৬। নথি।

(মোহাম্মদ আলী মিয়া)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২ ৪৮১১০৯৪৯ (অফিস)